

অনুশীলনী পত্র-৩

শ্রেণি:ষষ্ঠ

বিষয়:বাংলা ১ম পত্র

অধ্যায়:কাঠের পা (আনন্দপাঠ)

তারিখ:৪/১০/২০

সৃজনশীল প্রশ্নোত্তর লিখবে:

ফরহাদ হোসেন খুব সাহসী মুক্তিযোদ্ধা। তাঁর নেতৃত্বে চলছে সমশেরপুর অপারেশন। অত্যন্ত সাহসিকতা ও দক্ষতার সাথে যুদ্ধ পরিচালনা করে তাঁর নেতৃত্বাধীন বাহিনী শত্রু নিধন করেই চলছে। ফরহাদ হোসেন অপর দুই সাথিকে নিয়ে মূল দল থেকে বেশ এগিয়ে যান। এমন সময় হঠাৎ একটি গুলি এসে তাঁর পায়ে লাগে। আর তিনি মাটিতে লুটিয়ে পড়েন।

ক) ক্যাপ্টেন শাজাহান কখন খাল পেরিয়ে শত্রুপক্ষকে আক্রমণের সিদ্ধান্ত নিয়েছেন?

খ) নয়নের বাবা খাল পেরিয়ে ওপার গিয়েছিলেন কেন?

গ) ‘কাঠের পা’ গল্পের কোন ঘটনার সাথে উদ্দীপকের ফরহাদ হোসেনের আহত হওয়ার ঘটনার মিল আছে? বিস্তারিত লেখ।

ঘ) ‘উদ্দীপকের ফরহাদ হোসেন এবং গল্পের নয়নের বাবা একে অন্যের প্রতিরূপ।’— বিশ্লেষণ কর।

কাজলের দাদা হুইল চেয়ারে চলাফেরা করেন, বাথরুমে নিতে তার দাদি কষ্ট স্বীকার করেন। এতে কাজলের মায়া হয়। মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি হানাদারদের মারে তিনি পঙ্গু হন। কাজল দাদাকে প্রশ্ন করে এতে তার কষ্ট হয় কিনা? উত্তরে দাদা বলেন আমার মতো এমন হাজারো মুক্তিযোদ্ধার পায়ের ওপর ভর করেই তো দাঁড়িয়ে আছে স্বাধীন বাংলাদেশ।

ক. অনুদান শব্দের অর্থ কী?

খ. “তোমার খুব লজ্জা হয় নারে” উক্তিটি ব্যাখ্যা কর।

গ. “কাঠের পা” গল্পের কোন বিষয়টি কাজলের দাদার জীবনে প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ. আমার মতো এ রকম হাজারো পঙ্গু মুক্তিযোদ্ধার পায়ের ওপর ভর করে দাঁড়িয়ে আছে স্বাধীন বাংলাদেশ। এ মন্তব্যটি কাঠের পা গল্পের আলোকে ব্যাখ্যা কর।